

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১০৩৩

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২১. দ্বিতীয় অনুচ্ছেদ - তিলাওয়াতের সিজদ্

আরবী

وَعَن ابْنِ عُمَرَ أَنَّهُ قَالَ: إِنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَرَأً عَامَ الْفَتْحِ سَجْدَةً فَسَجَدَ النَّاسُ كُلُّهُمْ مِنْهُمُ الرَّاكِبُ وَالسَّاجِدُ عَلَى الْأَرْضِ حَتَّى إِنَّ الرَّاكِبَ لَيَسْجُدُ عَلَى يَده. رَوَاهُ أَبُو دَاؤُد

বাংলা

১০৩৩-[১১] 'আবদুল্লাহ ইবনু 'উমার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মক্কা বিজয়ের দিন সাজদার আয়াত পাঠ করলেন। তাই (উপস্থিত) সকল সাহাবায়ে কিরাম রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সঙ্গে সজদা (সিজদা/সেজদা) করলেন। সাজদাকারীদের কেউ তো সওয়ারীর উপর ছিলেন, আর কেউ জমিনে সাজদাকারী। আরোহীরা তাদের হাতের ওপরই সিজদা (সিজদা/সেজদা) করলেন। (আবূ দাউদ)[1]

ফুটনোট

[1] য'ঈফ : আবূ দাউদ ১৪১১। কারণ এর সানাদে রাবী মুস্'আব বিন সাবিত বিন 'আবদুল্লাহ বিন যুবায়র হাদীস বর্ণনায় শিথিল হিসাবে পরিচিত।

ব্যাখ্যা

ব্যাখ্যা: এমনকি আরোহী স্বীয় হাতের উপর সিজদা্ (সিজদা/সেজদা) করতো এতে এ ইঙ্গিত পাওয়া যায় যে, আরোহী ব্যক্তিকে সিজদা্ (সিজদা/সেজদা) করার জন্য বাহন থেকে নামার প্রয়োজন নেই। কেননা বাহনের উপর নফল সালাত (সালাত/নামায/নামাজ) বৈধ। আর তিলাওয়াতের সিজদা (সিজদা/সেজদা) নফল।

আর এ হাদীস থেকে স্পষ্ট প্রমাণ পাওয়া যায় যে, আরোহী ব্যক্তির জন্য বাহনের উপরে স্বীয় হাতের উপর সিজদ্ করা বৈধ।



হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন